# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: প্রথম পত্র

বিষয় কোড : ২ ৭ ৭

সময়— ২ ঘন্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ জনাব আরিফ আমের মৌসুমে রাজশাহী থেকে আম কিনে সিলেট বিক্রি করেন। অন্যান্য ফল ব্যবসায়ীগণ ফরমালিনের কথা চিন্তা না করেই রাজশাহীর বাজার থেকে আম কিনে সিলেটের বাজারে বিক্রি করে। কিন্তু, জনাব আরিফ সরাসরি রাজশাহীর আমের বাগান থেকে ফরমালিন মুক্ত আম কিনেন। ফরমালিন মুক্ত আম পচে লাভের পরিবর্তে ক্ষতি ও হতে পারে। তা জেনেও তিনি এই কাজই করেন।

ক. ব্যবসায় কী? ১

খ. প্রাথমিক শিল্প বলতে কী বোঝায়? ২

গ. জনাব আরিফের ব্যবসায়ে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আরিফের কাজে উদ্যোক্তার কোন গুণটি ফুটে উঠেছে বলে তুমি মনে করো? তোমার মতামত ব্যাখ্যা করো। ৪

২. ▶ বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের ঐতিহ্যবাহী মিষ্টি বিক্রয় করে ইতোমধ্যে সিলেটের বাজারে ব্যাপক সুনাম অর্জন করেছে ফেমাস সুইটস্ হোম এর স্বত্ত্বাধিকারী শাহীন মিয়া। তিনি সরাসরি উৎপাদনকারীদের কাছ থেকে মিষ্টি সংগ্রহ করে নিজস্ব ব্যবস্থাপনায় সিলেটের বিভিন্ন ক্রেতাদের নিকট সরবরাহ করেন। ফলে খাঁটি মানের মিষ্টি যেমন: কুমিল্লার রসমালাই, বগুড়ার দই, নাটোরের কাঁচা গোল্লা, চাঁপাই নবাবগঞ্জের রসকদম, টাঙ্গাইলের চমচম প্রভৃতি বাজারে ব্যাপক চাহিদা সৃষ্টি হয়েছে। বৃদ্ধি পেয়েছে শাহীনের প্রতিষ্ঠানের পরিধি। তাই পণ্যের নিয়মিত সরবরাহ নিশ্চিত করতে তিনি ইতোমধ্যে আঞ্চলিক প্রতিনিধি নিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন।

ক. পণ্য বিনিময় কী? ১

খ. একমালিকানা ব্যবসায়ের জনপ্রিয়তার কারণ ব্যাখ্যা করো। ২

গ. ব্যবসায় পরিবেশের কোন উপাদান দ্বারা 'ফেমাস সুইটস্ হোম' প্রভাবিত হচ্ছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. শাহীন নিজে পণ্য উৎপাদন না করে সংগৃহীত পণ্য বিক্রয়ের সিদ্ধান্ত কতটা যৌক্তিক বলে তুমি মনে করো? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৩. ▶ মিসেস মুনিরা ঢাকার একটি বিখ্যাত বুটিক হাউজের মালিক। তার এক বান্ধবীর সহযোগিতায় মাত্র ৫ জন শ্রমিক নিয়ে তিনি প্রথম ব্যবসায় শুরু করেছিলেন। এখন তাঁর

https://teachingbd24.com

৬টি কারখানায় একশজন শ্রমিক কাজ করে। একজন ম্যানেজার ও নিয়োগ দিয়েছেন। কিন্তু আগের মতো প্রতিষ্ঠান চলছে না। কখনো তিনি অসুস্থ হয়ে পড়লে বা অনুপস্থিত থাকলে সমস্যার সীমা থাকে না। তাই তিনি তার ছোট বোন সোনিয়াকে সমঝোতার ভিত্তিতে ব্যবসায়ের অংশীদার করার সিদ্ধান্ত নিয়েছেন।

ক. ব্যবসায় পরিবেশ কী? ১

খ. প্রযুক্তিগত পরিবেশ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত মিসেস মুনিরার প্রথম পর্যায়ের ব্যবসায়ের ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. ছোট বোন সোনিয়াকে ব্যবসায়ের অংশীদার করা যৌক্তিক হয়েছে? যুক্তিসহ তোমার মতামত ব্যাখ্যা করো। ৪

৪. ▶ ক, খ ও গ সমঝোতার ভিত্তিতে একটি অংশীদারি ব্যবসায় গঠন করলেও তা নিবন্ধন করেনি। তিনজনের মূলধনের পরিমাণ সমান এবং মুনাফা ভোগের হারও সমাণুপাতিক, তবে ক তার মূলধনের অতিরিক্ত দায় বহন করে না। প্রতিষ্ঠানটি বর্তমানে অনেক চেষ্টা করেও একজন দেনাদারের নিকট হতে ১০,০০০ টাকা আদায় করতে পারছে না। তারা পাওনা আদায়ের জন্য আদালতের আশ্রয় নেয়ার কথা ভাবছে।

ক. অংশীদারি ব্যবসায়ের সর্বনিম্ন সদস্য সংখ্যা কতজন? ১

খ. অংশীদারি ব্যবসায়ের অসীম দায় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন ধরনের অংশীদারি ব্যবসায় সংগঠন? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো প্রতিষ্ঠানটি আদালতের মাধ্যমে পাওনা আদায় করতে পারবে? যুক্তিসহ তোমার মতামত ব্যাখ্যা করো। ৪

৫. ▶ মি. হাসান ও তাঁর পাঁচ বন্ধু মিলে একটি টেক্সটাইল মিল স্থাপন করেন। তাদের অনুমোদিত মূলধনের পরিমাণ ২০ কোটি টাকা। তাদের সুদক্ষ ব্যবস্থাপনায় প্রতিষ্ঠানটি লাভজনক হওয়ায় তারা তা সম্প্রসারণের সিদ্ধান্ত গ্রহণ করে। ব্যাংক ঋণ গ্রহণের অসুবিধার কথা চিন্তা করে তারা জনসাধারণের নিকট শেয়ার বিক্রির মাধ্যমে অতিরিক্ত মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নেয়।

ক. শেয়ার কী? ১

খ. কোম্পানির কৃত্রিম ব্যক্তিসত্তা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন ধরনের কোম্পানি? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত প্রতিষ্ঠানটির জনসাধারণের নিকট শেয়ার বিক্রয়ে করণীয় সুপারিশ করো। ৪

৬. ▶ মধ্যস্থ ব্যবসায়ীদের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য ২০১৪ সালে আলমনগরের তাঁত শিল্পীরা একটি সমবায় সমিতি গঠন করল। ২০১৬ পর্যন্ত তাদের অর্জিত মুনাফার

https://teachingbd24.com

পরিমাণ ছিল নিম্নরূপ:

| বছর | ২০১৪ | ২০১৫ | ২০১৬ |
|---|---|---|---|
| মুনাফা | ২০,০০০ | ২৫,০০০ | ৩০,০০০ |

সমিতি বিধিবন্ধ নিয়মানুসারে ন্যূনতম হারে সঞ্চিতি তহবিল সংরক্ষণ করে। ১৫,০০০ টাকার একটি নতুন তাঁতকল ক্রয়ের জন্য তারা সংরক্ষিত তহবিল ব্যবহার করার চিন্তা করছে।

ক. সমবায় সমিতির মূল উদ্দেশ্য কী? ১

খ. সমবায়ের 'একতাই বল' নীতিটি ব্যাখ্যা করো। ২

গ. সদস্য প্রকৃতি বিচারে উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন ধরনের সমবায় সংগঠন? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো সংরক্ষিত তহবিল হতে তাঁতকল ক্রয়ের সমুদয় অর্থের সংস্থান হবে? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

**৭.** ▶ 'ক' একটি সদ্য স্বাধীন রাষ্ট্র। যুদ্ধ বিধ্বস্ত এ দেশ নানা দল ও উপদলে বিভক্ত। মূলধনের অভাব, পারস্পরিক হানাহানি ও বিশ্বাসের অভাবে দেশটিতে তেমন কোনো শিল্প-কারখানা গড়ে ওঠেনি। একমাত্র সুবর্ণচর পাওয়ার হাউজটি শিল্পের ধারক ও বাহক হিসেবে টিকে আছে। প্রতিষ্ঠানটি ২০১৫ সালে ১২ কোটি টাকা মুনাফা অর্জন করে। এর মধ্যে সরকারের মালিকানাধীন শেয়ার অনুপাত ৮.৪ কোটি টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা দেয়। বাকি অংশ অন্য শেয়ারহোল্ডারগণ নিজেদের মধ্যে বন্টন করে নেয়।

ক. BTTB এর পূর্ণরূপ কী? ১

খ. "রাষ্ট্রীয় ব্যবসায়ের উদ্দেশ্য প্রায়শই ব্যর্থ হয়"— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের পাওয়ার হাউজটি মালিকানার ভিত্তিতে কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'ক' দেশের জন্য কোন ধরনের ব্যবসায় স্থাপন উত্তম হবে বলে তুমি মনে করো? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**৮.** ▶ জনাব জমির আলী সিলেটে 'কবুতর মার্কা' সরিসার তৈল উৎপাদন করে আসছেন বহুদিন থেকে। প্রাকৃতিক সরিষা হতে সরাসরি উৎপাদিত সারিষার তৈল গুণে ও মানে অতুলনীয় বলে দেশের সর্বত্র ব্যাপক গ্রাহক জনপ্রিয়তা লাভ করলেও তিনি সেটি সরকারের নথিভুক্ত করেননি। এদিকে কুষ্টিয়ার একটি কোম্পানি একই নামে বাজারে সরিষার তেল বাজারজাত করে। জমির আদালতের শরণাপন্ন হয়েও কোনো প্রতিকার পাননি।

ক. পেটেন্ট কী? ১

খ. কপিরাইট আইন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জমির আলীর উৎপাদিত সরিষার তৈল, 'কবুতর মার্কা' কে কী বলে? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. জমির আলীর আদালতের কাছে প্রতিকার প্রার্থনা কতটুকু যুক্তিসংগত বলে তুমি মনে করো? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯. ▶ মিসেস সানজানা একটি বেসরকারি কলেজে অধ্যাপনার পাশাপশি বিসিক থেকে প্রশিক্ষণ নিয়ে সিলেটের মদিনা মার্কেট এলাকায় একটি বুটিক হাউজ স্থাপন করলেন। প্রথম দিকে পরিচালনাগত অসুবিধা হলেও অভিজ্ঞতা অর্জনের ফলে সাফল্য পেয়ে যান। তিনি ব্যবসায় সম্প্রসারণের কথা ভেবে ও তার বন্ধু-বান্ধবদের সাথে আলোচনা করে সরকারি ব্যাংকের সহায়তার আশ্বাস পেয়েছেন।

ক. BGMEA-এর পূর্ণরূপ লেখো? ১

খ. BSCIC সম্পর্কে ধারণা দাও। ২

গ. উদ্দীপকে মিসেস সানজানা কে বিসিক প্রদত্ত সহায়তাকে কোন ধরনের সহায়তা বলে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সরকারি ব্যাংকের সহায়তা পেলে মিসেস সানজানা কি তার ব্যবসায় সম্প্রসারণ করতে পারবেন বলে তুমি মনে করো? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০. ▶ মিসেস মমতা 'গ্রিন আপেল' নামক প্রতিষ্ঠানের ৫০ শতাংশ শেয়ারের মালিক ও ব্যবস্থাপনা পরিচালক। প্রতিষ্ঠানটি বাংলাদেশের শীর্ষ স্থানীয় ফল আমদানিকারক। ২০১৬ সালে পবিত্র রমজানের ৩ মাস আগে তিনি ব্যবসায়িক কাজে সৌদি আরব সফরে গেলে দেখতে পান বাজারে নতুন খেজুর এসেছে এবং দামও খুব কম। ব্যবসায়ীরা জানালেন শিগগিরই দাম বেড়ে যাবে। চাহিদা বৃদ্ধির বিষয়টি মাথায় রেখে তিনি ১০ মে. টন খেজুরের ফরমায়েশ দেন। খেঁজুর বিক্রি করে ঐ বছর প্রতিষ্ঠানটি প্রচুর মুনাফা পায়।

ক. আত্মকর্মসংস্থান কী? ১

খ. ব্যবসায় উদ্যোগ গ্রহণে আত্ম বিশ্লেষণ কেন গুরুত্বপূর্ণ? ২

গ. খেজুর ক্রয়ের সিদ্ধান্তটি মিসেস মমতার মধ্যে উদ্যোক্তার কোন গুণের প্রভাব পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. মিসেস মমতাকে কি একজন নারী উদ্যোক্তা বলা যায়? যুক্তিসহ তোমার মতামত ব্যাখ্যা করো। ৪

১১. ▶ মি. রিয়াজ একজন পেঁয়াজ আমদানিকারক। গত রমজানের একমাস আগে তিনি একলক্ষ মেট্রিক টন পেঁয়াজ আমদানি করলেও যথাসময়ে তা বাজারে সরবরাহ করেননি। ফলে রমজান মাসে পেঁয়াজের মূল্য বেড়ে যায় এবং রিয়াজ প্রচুর মুনাফা অর্জন করে।

ক. ই-বিজনেস কী? ১

খ. ব্যবসায় মূল্যবোধ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে রিয়াজ সমাজের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালনে অবজ্ঞা করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. নৈতিকতার মানদণ্ডে রিয়াজের কর্মকাণ্ড মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড : ২ ৭ ৭

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

উদ্দীপকটি পড়ো এবং ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও।

ABC একটি পেট্রোল ফার্মের মালিক। ব্যবসায়টি ভালো চললেও অধিক পুঁজির প্রয়োজনে মি. p-কে সীমিত অংশীদার হিসেবে গ্রহণ করতে চায়। মি. p এতে খুশি।

১. মি. p-কে সীমিত অংশীদার হিসেবে গ্রহণ করার কারণ—
i. লাভ কম দিতে হবে
ii. নতুন পুঁজি পাওয়া যাবে
iii. পরিচালনায় জটিলতা দেখা দিবে না
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২. মি. P-এর এখানে খুশি হওয়ার মুখ্য কারণ কোনটি?
ⓚ ব্যবসায়িক হিসেবে পরিচিত
ⓛ সীমিত দায়
ⓜ পরিচালনায় অংশগ্রহণ করার প্রয়োজন নেই
ⓝ দায় সীমিত এবং চুক্তি অনুযায়ী লাভ পাবে

৩. কোম্পানি বিলোপসাধন পদ্ধতি কয়টি?
ⓚ ২ ⓛ ৩
ⓜ ৪ ⓝ ৭

৪. প্রাইভেট লি. কোম্পানিতে ন্যূনতম পরিচালক সংখ্যা কত জন?
ⓚ ২ ⓛ ৩
ⓜ ৬ ⓝ ৭

৫. যে সংগঠনের সদস্যরা ভোট প্রয়োগ করতে পারে—
i. অংশীদারি
ii. কোম্পানি
iii. সমবায় সমিতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৬. সম্পূর্ণ ভোক্তা সম্পর্কিত ব্যবসায় কোনটি?
ⓚ ই-কমার্স ⓛ মার্কেটিং
ⓜ ই-রিটেইলিং ⓝ ই-ব্যাংকিং

৭. ই-বিজনেস পরিচালনার জন্য কোনটি আবশ্যক?
ⓚ টেলিফোন ⓛ টেলিভিশন
ⓜ অর্থ ⓝ ওয়েবসাইট

৮. ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা কোন ধরনের দায়িত্ব?
ⓚ নৈতিক ⓛ অনৈতিক
ⓜ পারিবারিক ⓝ ব্যক্তিগত

৯. শব্দ দূষণের ফলে কোন সমস্যা সৃষ্টি হতে পারে?
ⓚ উচ্চ রক্তচাপ ⓛ ডায়াবেটিক
ⓜ চর্মরোগ ⓝ হৃদরোগ

১০. বর্তমান কত সালের আইন অনুযায়ী সমবায় সমিতি গঠিত ও পরিচালিত হয়?
ⓚ ১৯৩২ ⓛ ১৯৯৪
ⓜ ২০০১ ⓝ ২০০৪

১১. 'সুনাম' কোন পরিবেশের উপাদান?
ⓚ অর্থনৈতিক ⓛ রাজনৈতিক
ⓜ সামাজিক ⓝ প্রাকৃতিক

১২. একজন স্বাধীনচেতা ব্যক্তির নিকট কোন ধরনের ব্যবসায় সর্বোত্তম?
ⓚ একমালিকানা
ⓛ প্রাইভেট লি. কোম্পানি
ⓜ অংশীদারি
ⓝ সমবায় সমিতি

১৩. একমালিকানা সংগঠনের জন্য কত সালের আইন কার্যকর?
ⓚ ১৯১৩ ⓛ ১৯৩২
ⓜ ২০০১ ⓝ নির্দিষ্ট আইন নেই

১৪. একমালিকানা ব্যবসায়ের উপযুক্ত ক্ষেত্র হলো—
i. মুদি ও মনিহারি দোকান
ii. সেলুন ও দর্জির দোকান
iii. সুতা ও বস্ত্রের মিল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

Teachingbd24.com
https://teachingbd24.com

১৫. অংশীদারি ফার্মের নামের পূর্বে কী লেখা হয়?

ⓚ এ কোং ⓚ ব্রাদার্স লি.

ⓖ এ সন্স ⓖ মেসার্স

উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।

পিরোজপুরের কদমতলা গ্রামের কৃষকগণ ন্যায্যমূল্যে পণ্য প্রাপ্তির আশায় একটি সমবায় সমিতি গঠন করে। বছর শেষে তাদের মুনাফা হয় ২,০০,০০০ টাকা।

১৬. সদস্যরা কত টাকা সঞ্চিতি তহবিল জমা করবে?

(ক) ১০,০০০ (খ) ১৫,০০০

(গ) ২৫,০০০ (ঘ) ৩০,০০০

১৭. বাংলাদেশে কত সালে সমবায় বিধিমালা চালু রয়েছে?

(ক) ২০০১ (খ) ২০০৪

(গ) ২০১০ (ঘ) ২০১৫

১৮. WASA কোথায় অবস্থিত?

(ক) কুমিল্লা (খ) ঢাকা

(গ) বরিশাল (ঘ) মানিকগঞ্জ

১৯. কোনটি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান বহির্ভূত?

(ক) পল্লী বিদ্যুৎ (খ) ওয়াসা

(গ) ডাক বিভাগ (ঘ) বিটিটিবি

২০. পণ্য বা সেবার প্রতীককে কী বলে?

(ক) ট্রেডমার্ক (খ) পেটেন্ট

(গ) কপিরাইট (ঘ) সার্টিফিকেট

২১. যেকোনো দেশের মোট চাকরির প্রায় কত শতাংশ ব্যবসায় সৃষ্টি করে?

(ক) ৫০/৬০ শতাংশ (খ) ৬০/৭০ শতাংশ

(গ) ৭০/৮০ শতাংশ (ঘ) ৮০/৯০ শতাংশ

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।

কাদির বি. কম. পাস করে চাকরি না পেয়ে পৈতৃক মজা পুকুরে মাছ চাষ করে। ছোট পোনা পুকুরে ছাড়ে এবং তা বড় হলে স্থানীয় বাজারে বিক্রয় করে।

২২. কাদিরের কাজটি ব্যবসায়ের কোন শাখার অন্তর্ভুক্ত?

(ক) শিল্প (খ) বাণিজ্য

(গ) ব্যবসায় (ঘ) আত্মকর্মসংস্থান

২৩. কাদিরের মাছ চাষে জড়িত হওয়ার কারণ—

i. পৈতৃকপ্রাপ্ত পুকুর

ii. মাছ চাষে আগ্রহ

iii. আত্মকর্মসংস্থানের সুযোগ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪. কী ধরনের জলবায়ু জাপানের জনগণকে করেছে কর্মঠ?

(ক) নাতিশীতোষ্ণ (খ) মৌসুমি

(গ) নিরক্ষীয় (ঘ) ক্রান্তীয়

২৫. জাতীয় বাজেট কোন পরিবেশের উপাদান?

(ক) সামাজিক (খ) রাজনৈতিক

(গ) প্রযুক্তিগত (ঘ) অর্থনৈতিক

২৬. BSTI কোন মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত হয়?

(ক) বাণিজ্য (খ) ব্যবসায়

(গ) শিল্প (ঘ) যোগাযোগ

২৭. WTO-এর সদর দপ্তর কোথায়?

(ক) জেনেভা (খ) জেদ্দা

(গ) নিউইয়র্ক (ঘ) প্যারিস

২৮. বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থার সংক্ষিপ্ত নাম কী?

(ক) বাসস (খ) বি. সি. আই. সি

(গ) বিসিক (ঘ) বি এস টি আই

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।

জামাল সোয়েটার বিক্রি করেন। ২০১৬ সালের মাঝামাঝি আবহাওয়া অধিদপ্তর থেকে তিনি জানতে পারলেন যে, ঐ বছর খুব শীত পড়বে। একথা জেনে তিনি প্রচুর শীত বস্ত্র মজুদ করেন এবং ঐ বছর প্রচুর মুনাফা করেন।

২৯. জামালের মধ্যে উদ্যোক্তার কোন গুণের প্রভাব লক্ষণীয়?

(ক) সৃজনশীলতা (খ) আত্মবিশ্বাস

(গ) দূরদৃষ্টি (ঘ) অধ্যবসায়

৩০. সফল উদ্যোক্তার প্রধান গুণ কোনটি?

(ক) মুনাফা অর্জন (খ) অর্থসংস্থান

(গ) সৃজনশীলতা (ঘ) বাজার সৃষ্টি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | গ | ১১ | গ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ঘ |
| ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | গ |

https://teachingbd24.com